

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ
বিমস্টেক শাখা
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৩১৬.৩৩.০২৫.১৭ / ১৯৪

তারিখঃ ০৬ আগস্ট ২০১৭

প্রেরক : মোঃ জসীম উদ্দিন
সহকারী সচিব (বিমস্টেক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোহাম্মদ নূরে-আলম
পরিচালক (পররাষ্ট্র মন্ত্রী-এর দপ্তর)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ১০-১১ আগস্ট ২০১৭ তারিখে নেপালের কাঠমুন্ডুতে অনুষ্ঠিতব্য “১৫তম বিমস্টেক পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ের সভা” এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের জন্য জনাব মোহাম্মদ নূরে-আলম, পরিচালক (পররাষ্ট্র মন্ত্রী-এর দপ্তর)-এর নেপাল সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

জনাব,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ১০-১১ আগস্ট ২০১৭ তারিখে নেপালের কাঠমুন্ডুতে অনুষ্ঠিতব্য “১৫তম বিমস্টেক পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ের সভা” এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের জন্য আপনার অনুকূলে সরকারি প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবে :

- উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- আলোচ্য সভায় যোগদানের যাবতীয় খরচ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিমস্টেক অনুবিভাগের ২০১৭-১৮ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের ভ্রমণ ব্যয় (৩-১৮০৫-৩৪০৬-৪৮০১) উপখাত থেকে বিকলন করা হবে;
- উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ১০ আগস্ট ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং ১২ আগস্ট ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

sd./


(মোঃ জসীম উদ্দিন)
সহকারী সচিব (বিমস্টেক)
ফোনঃ ৯৫৭১১৭৭, ফ্যাক্সঃ ৯৫৫৫২৮৩
E-mail: asbimstec@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৩১৬.৩৩.০২৫.১৭ / ১৯৪ (৯)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

তারিখঃ ০৬ আগস্ট ২০১৭

- ০১। মহাপরিচালক (প্রশাসন/ সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (এফএমও/এফএসও/এসএমও/অর্থ/ সংস্থাপন/ সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৬। অফিস কপি।


(মোঃ জসীম উদ্দিন)
সহকারী সচিব (বিমস্টেক)
06/08/2017